

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৮২(আগরতলা ৬।১)
সাব্রুম, ৬ জানুয়ারি, ২০২৪

প্রতি ঘরে সুশাসন ২.০
রাজীবনগরে বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি সাতচাঁদ ব্লকের রাজীবনগর অঙ্গনওয়াড়ি কেন্দ্রে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে রাজীবনগর, গুয়াচাঁদ-নন্দীগ্রাম, মাগুরছড়া ইত্যাদি গ্রাম পঞ্চায়েতের সাধারণ জনগণ অংশগ্রহণ করেন। এদিন শিবিরের উদ্বোধন করে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গত ২০১৪ সাল থেকেই দেশের প্রতিটি পরিবারকে আত্মনির্ভর করে তুলতে এবং জনকল্যাণে বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছে। এই প্রকল্পগুলির সুবিধা থেকে যাতে দেশের একজন যোগ্য নাগরিকও বঞ্চিত না হন তার জন্য প্রধানমন্ত্রী শুরু করেছেন বিকশিত ভারত সংকল্প যাত্রা। যাত্রার উদ্দেশ্য দেশের প্রত্যেকটি নাগরিককে কেন্দ্রীয় সরকারের জনকল্যাণমুখী প্রকল্প সম্পর্কে অবহিত করা। কেন্দ্রীয় মন্ত্রী ও অন্যান্য অতিথিগণ শিবিরে বিভিন্ন সুবিধাভোগীর হাতে সরকারি সহায়তা, আর্থিক অনুদান ও কৃষি যন্ত্রপাতি তুলে দেন।

শিবির উপলক্ষে বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে প্রদর্শনী স্টল খোলা হয়। যেগুলি থেকে শিবিরে উপস্থিত সাধারণ মানুষদের বিভিন্ন সুবিধা প্রদান করা হয়। এদিনের শিবিরে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক মাইলাফু মগ, দক্ষিণ ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত রিয়াং, সাব্রুম মহকুমার মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, সাতচাঁদ ব্লকের বিডিও অনুপম দাস। এদিন কেন্দ্রীয় মন্ত্রী মনুবাজার গ্রাম পঞ্চায়েতে আয়োজিত অনুরূপ একটি বিকাশ শিবিরও পরিদর্শন করেন।
